গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২২- ১১৬ | তারিখঃ ০৬ মার্চ ২০২২

বিষয় ঃ **উপজেলা আইন- শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার মার্চ, ২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা আগামী ১৪ মার্চ ২০২২ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় সংসদ সদস্য, এডভোকেট মোঃ আবু জাহির মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হয়ে সভার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ১৩ মার্চ ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬.০৩.২০২২
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ

০১। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর
০২। উপজেলা -- অফিসার (সকল), হবিগঞ্জ সদর
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান --- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর
০৫। জনাব ---

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৭। জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৬.০৩.২০২২
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির মার্চ,২০২২ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
সভার তারিখ : ১৪ মার্চ ২০২২, সময় : বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মার্চ মাস মহান স্বাধীনতার মাস। স্বাধীনতার মাসে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল বীর মুক্তিযোদ্ধাগণের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ১৭.০২.২০২২ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	(১) জনাব মো: আকরাম আলী, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন, হবিগঞ্জ সদর উপজেলার লোকড়া হতে মাদনা যাওয়ার রাস্তায় হবিগঞ্জ সদর ও লাখাই সীমানার মধ্যবর্তী স্থানে প্রতিনিয়ত যাত্রীবাহী টমটম/সিএনজি গাড়িতে ডাকাতিসহ লুটতরাজ হচ্ছে। উক্ত রাস্তায় পুলিশ টহল বৃদ্ধি ও ডাকাতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন। তিনি আরও বলেন, বেলেশ্বরী বান্নির দিন ভোর বেলায় প্রাত: স্নান করা হয়, এ সময় পুলিশ ফের্সের নজরধারী করার জন্য প্রস্তাব করেন।	(১) লোকড়া-মাদনা রাস্তায় পুলিশের টহল বৃদ্ধি ও ডাকাতদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(২) জনাব আব্দুর রহমান, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন, রিচি ইউনিয়নের খোয়াই নদীর পাড়ের রাস্তায় লম্বাবাক নামক স্থানে প্রায়ই ডাকাতির ঘটনা ঘটছে। উক্ত স্থানে পুলিশ টহল জোরদার করার জন্য প্রস্তাব করেন।	(২) রিচি ইউনিয়নের খোয়াই নদীর পাড় লম্বাবাক রাস্তায় পুলিশের টহল বৃদ্ধি ও ডাকাতদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৩) উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিগত ২৬ ফেব্রুয়ারি,২০২২ তারিখ সারা দেশে ১ম ডোজের ১ কোটি টিকা প্রদান করার লক্ষ্যমাত্রা ছিল। কিন্তু মোট ১ কোটি ২০ লক্ষ ডোজ টিকা প্রদান করা হয়েছে। তিনি আরও বলেন, আগামী ২৬,২৭ ও ২৮ মার্চ সারা দেশে একযোগে ২য় ডোজ টিকা প্রদান করা হবে।	(৩) ২৬, ২৭ ও ২৮মার্চ,২০২২ তারিখ ২য় ডোজ টিকা প্রদানের লক্ষ্যে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
		(৪) জনাব মো: নাজমুল হক কামাল, ওসি (তদন্ত), হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে।	(৪) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ বিভিন্ন অপরাধীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		(৫) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, পৌরএলাকাধীন সওদাগর কৃষ্ণধন সরকারি প্রাথমিক বিদ্যালয় করোনার কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর স্কুল খোলার পর দেখা যায়, কে বা কাহারা দরজা জানালা ভেঙ্গে ফেলেছে। এব্যাপারে পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন।	(৫) রাতের বেলা পুলিশ টহল দলকে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উপর নজরদারী জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্কুলগুলো পরিদর্শন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর
		(৬) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, অদ্য পেট্রোল পাম্পের নিকটে বাইপাস সড়কের পাশে পিডিবি'র বিদ্যুতের খুঁটির তার মাটিতে পড়ে থাকায় বহুলা গ্রামের আয়াত আলী নামীয় দরিদ্র কৃষক বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে নিহত হয়েছেন। এতে পিডিবি কর্তৃপক্ষের গাফিলতি রয়েছে। তিনি উক্ত ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সাহায্য প্রদান করা ও পিডিবি'র নিকট হতে ক্ষতিপূরণ আদায় করার পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব করেন।	(৬) বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে নিহত আয়াত আলীর পরিবারকে তদন্তক্রমে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাহী প্রকৌশলী, পিডিবি, হবিগঞ্জকে অনুরোধ করা হয়।	(৬) নির্বাহী প্রকৌশলী, পিডিবি, হবিগঞ্জ
		তিনি আরও বলেন, শায়েস্তানগর-পৈল রোড পয়েন্টে টমটম পার্কিং করার ফলে যানজটসহ লোক চলাচলে ভোগান্তি সৃষ্টি হচ্ছে। তিনি আসন্ন রমজান মাসে যাতে রাস্তার উপর কোন ইফতারীর দোকান না বসে সেজন্য মোবাইল কোর্ট পরিচালনা করার প্রস্তাব করেন।	উক্ত স্থানে যানজট নিরসনের জন্য মেয়র,হবিগঞ্জ পৌরসভাকে উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করা হয়। যানজট নিরসনে ও রাস্তার উপর কোন দোকান যাতে না বসে সেজন্য মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,হবিগঞ্জ পৌরসভা/ সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৭) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, একে অপরের সহযোগিতার মাধ্যমে ও সকলের সমন্বয়ের মাধ্যমে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রাখা সম্ভব। তিনি বলেন, টমটম যেখানে সেখানে থামিয়ে যাত্রী উঠানামা করার ফলে যানজট তৈরী হচ্ছে। যানজট নিরসনে সিএনজি ও টমটম ষ্টেশনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য তিনি প্রস্তাব করেন।	(৭) যানজট নিরসনে সিএনজি ও টমটম ষ্টেশনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৮) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ বলেন, হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি অন্য উপজেলার থেকে অনেক ভালো। এজন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। আগামী ৩০ মার্চ বেলেশ্বরী বান্নি অনুষ্ঠিত হবে। এতে কোনরুপ জুয়া বা অনৈতিক কার্যকলাপ যাতে না হয় সেজন্য নজরদারী করার নির্দেশনা প্রদান করেন। তিনি ইদানিং ডাকাতির প্রবণতা বৃদ্ধি পেয়েছে ও ডাকাত ধরা পড়ছে। এর মধ্যে লোকড়া	(৮) বেলেশ্বরের বান্নিতে যেন কোনরুপ জুয়া বা অসামাজিক কার্যকলাপ না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ডাকাতি রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		ইউনিয়নের ধল গ্রামের ১জনের নাম প্রকাশিত হয়েছে। এদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।		
		তিনি বলেন, আসন্ন রমজান মাসে রাস্তার উপর ইফতারীর দোকান বসানো যাবে না। এব্যাপারে পৌরসভা ও ওসিকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রমজান মাসে রাস্তার উপর যাতে ইফতারীর দোকান বসতে না পারে সেজন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মেয়র,হবিগঞ্জ পৌরসভা /অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		তিনি উমেদনগর পয়েন্ট, কোর্ট স্টেশন পয়েন্ট ও পৈল রোড পয়েন্টে যানজট নিরসনে নজরদারী করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে রাতের বেলায় পুলিশ টহল টিমকে নজর রাখার নির্দেশনা প্রদান করেন।	যানজট নিরসনে ও রাস্তার উপর কোন দোকান যাতে না বসে সেজন্য মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং রাতের বেলায় পুলিশ টহল টিমকে শিক্ষা প্রতিষ্ঠানে নজর রাখতে হবে।	সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		তিনি আরও বলেন, মাদক, জুয়া, চুরি, ডাকাতির সাথে যেই জড়িত হোক না কেন দল মত নির্বিশেষে তাদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে। যে সকল স্থানে জুয়ার আসর বসে সে সকল স্থানে অভিযান চালিয়ে জুয়ারিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মাদক, জুয়া, চুরি, ডাকাতির সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৯) সভাপতি বলেন, কোভিড-১৯ মোকাবেলায় ২৬,২৭ ও ২৮ মার্চ ২য় ডোজের গণটিকা প্রদান করা হবে। উক্ত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সহযোগিতা প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া পবিত্র রমজান উপলক্ষে নিম্ন আয়ের জনগণকে স্বল্পমূল্যে টিসিবি'র পণ্য সরবরাহ করা হবে। উক্ত কার্যক্রম সরকারের একটি অসাধারণ উদ্যোগ। এ কাজে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী এভাবে সর্বস্তরের জনগণকে সেবা প্রদান করার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছেন, সেগুলো বাস্তবায়নে সকলে একসাথে কাজ করা উচিত । সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি অন্যান্য উপজেলার চাইতে ভালো। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা তিনি কামনা করেন।	(৯) ২৬, ২৭ ও ২৮মার্চ,২০২২ তারিখ ২য় ডোজ টিকা প্রদানের লক্ষ্যে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,ইউপি (সকল),হবিগঞ্জ সদর
		তিনি গ্রাম আদালতের ফেব্রুয়ারি, ২০২২ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়, লুকড়া ইউনিয়নে ০২, রিচি ইউনিয়নে ১১, তেঘরিয়া ইউনিয়নে ১০, পৈল ইউনিয়নে ০৫, গোপায়া ইউনিয়নে ০৭, রাজিউড়া ইউনিয়নে ০৫ ও লস্করপুর ইউনিয়নে ০২ সর্বমোট ৪২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,ইউপি (সকল),হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়ের কৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০২	-	০২	১	০১	
রিচি	০১	১১	-	১১	১	১০	
তেঘরিয়া	০১	১০	-	১০	২	০৮	
পৈল	০১	০৫	-	০৫	২	০৩	
গোপায়া	০১	০৭	-	০৭	২	০৫	
রাজিউড়া	০১	০৫	-	০৫	২	০৩	
নিজামপুর	০১	-	-	-	-	-	
লস্করপুর	০১	০২	-	০২	-	০২	
মোট =	০৮	৪২	-	৪২	১০	৩২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০৩.২২
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২২- ১৮৪

তারিখ: ১৪ মার্চ ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। মেয়র, হবিগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৯। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১০। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
১১। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১২। ....

১৪.০৩.২২
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ